

## মুসনাদে আহমাদ

হাদিস নম্বরঃ ৫১২

মুসনাদে উসমান বিন আফফান (রাঃ) [উসমানের বর্ণিত হাদীস] (مسند عثمان بن عفان)

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَكْرٍ، أَخْبَرَنَا ابْنُ جُرَيْجٍ، أَخْبَرَنِي سُلَيْمَانُ بْنُ عَتِيقٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بَابِيهِ، عَنْ بَعْضِ بَنِي يَعْلَى بْنِ أُمِيَّةَ، قَالَ: قَالَ يَعْلَى: طُفْتُ مَعَ عُثْمَانَ، فَاسْتَلَمْنَا الرُّكْنَ، قَالَ يَعْلَى: فَكُنْتُ مِمَّا يَلِي الْبَيْتَ، فَلَمَّا بَلَّغْنَا الرُّكْنَ الْغَرْبِيَّ الَّذِي يَلِي الْأَسْوَدَ، جَرَرْتُ بِيَدِهِ لِيَسْتَلِمَ، فَقَالَ: مَا شَأْنُكَ؟ فَقُلْتُ: أَلَا تَسْتَلِمُ؟ قَالَ: فَقَالَ: أَلَمْ تَطُفْ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَقُلْتُ: بَلَى. قَالَ: أَرَأَيْتَهُ يَسْتَلِمُ هَذَيْنِ الرُّكْنَيْنِ الْغَرْبِيَيْنِ؟ قُلْتُ: لَا. قَالَ: أَفَلَيْسَ لَكَ فِيهِ أَسْوَةٌ حَسَنَةٌ؟ قُلْتُ: بَلَى. قَالَ: فَانْفُذْ عَنْكَ

صحيح لغيره، رجاله ثقات رجال الصحيح غير بعض بني يعلى بن أمية، فإنه مجهول لا يعرف، وقال ابن حجر في "تعجيل المنفعة" ص 542: لعله صفوان يعني صفوان بن يعلى بن أمية

وقد تقدّم برقم (313) من رواية روح، قال: حدثنا ابن جريج، قال: أخبرني سليمان بن عتيق، عن عبد الله بن بابيه، عن بعض بني يعلى، عن يعلى بن أمية، قال: طفت مع عمر بن الخطاب وذكر القصة. قلنا: وذكر عمر فيه أصح، وحمله على التعدد بعيد

বাংলা

৫১২। ইয়ালা বলেছেন, আমি উসমান (রাঃ) এর সাথে তাওয়াফ করেছিলাম এবং রুকনে ইয়ামানী হাত দিয়ে স্পর্শ করেছিলাম। ইয়ালা বলেন, আমি পবিত্র ঘরের অতি নিকটে ছিলাম। যখন হাজরে আসওয়াদ সংলগ্ন পশ্চিম রুকনের নিকট উপস্থিত হলাম, তখন আমি তার হাত ধরে টানলাম যেন তিনি পশ্চিম রুকনকে হাত দিয়ে স্পর্শ করেন। হাত ধরে টানলে তিনি বললেনঃ তোমার কী হয়েছে? আমি বললাম, আপনি স্পর্শ করবেন না? তিনি বললেনঃ তুমি কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে তাওয়াফ করনি? আমি বললামঃ হ্যাঁ। তিনি বললেনঃ তাকে কি এই দুটি পশ্চিম রুকনকে স্পর্শ করতে দেখেছ? আমি বললাম, না। তিনি বললেনঃ তবে কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মধ্যে তোমার জন্য উত্তম আদর্শ নেই? আমি বললাম, আছে। তিনি

বললেনঃ তাহলে সামনে এগিয়ে চল।

[হাদীস নং-২৫৩ দ্রষ্টব্য]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=63336>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন